গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য অফিসারের কার্যালয়
সুনামগঞ্জ।
www.fisheries.sunamganj.gov.bd

বিষয়: অক্টোবর, ২০২৩ খ্রি. মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ শামশুল করিম, জেলা মৎস্য অফিসার, সুনামগঞ্জ। |
| তারিখ | : ০৯/১০/২০২৩ খ্রি.। |
| সময় | : সকাল ১০.০০ ঘটিকা। |
| স্থান | : সম্মেলন কক্ষ, জেলা মৎস্য অফিসারের কার্যালয়, সুনামগঞ্জ। |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়করণ করা হয়। অতঃপর জেলার কার্যক্রমের উপর বিষয় ভিত্তিক আলোচনায় উপস্থিত সকলকে অংশগ্রহণ করার আহবান করেন। আলোচনা-পর্যালোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"তে দেখানো হলো।

| ক্র.নং | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ০১. | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)**<br>প্রত্যেক উপজেলায় প্রতিমাসের এপিএ প্রতিবেদন উপজেলার স্ব স্ব ওয়েব পোর্টালে আপলোড করার বিষয়ে আলোচনা হয়। এপিএ এর ওপর উপজেলাসমূহের এ পর্যন্ত অর্জন নিয়ে আলোচনা পর্যালোচনা করা হয়। ২০২৩-২৪ অর্থ বছরের ১ম ত্রৈমাসিক এপিএ প্রতিবেদন প্রমাণকসহ অত্র দপ্তরে প্রেরণ করার জন্য বলা হয়।<br>**সিদ্ধান্ত:**<br>১) প্রতি মাসের এপিএ প্রতিবেদন প্রেরণের পূর্বে অবশ্যই উপজেলার স্ব স্ব তথ্য বাতায়নে আবশ্যিকভাবে আপলোড করতে হবে।<br>২) এপিএ-এর লক্ষ্যমাত্রা অনুযায়ী মাসওয়ারী (প্রযোজ্য ক্ষেত্রে) লক্ষ্যমাত্রা অর্জন করা, হালনাগাদ তথ্যাদি লিপিবদ্ধ, প্রমাণক সংগ্রহ ও সংরক্ষণ রাখতে হবে।<br>৩) এপিএ কার্যক্রমের প্রত্যেকের লক্ষ্যমাত্রা অনুযায়ী রেজিস্টার সঠিক ফরমেট অনুযায়ী সঠিকভাবে বাধাই করে রাখতে হবে। | সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য অফিসার, সকল, সুনামগঞ্জ জেলা। |
| ০২. | **রাজস্ব প্রশিক্ষণ:**<br>২০২৩-২৪ অর্থ বছরে উপজেলা পর্যায়ে নির্বাচিত নমুনা মৎস্যগ্রামের মৎস্যচাষিদের প্রশিক্ষণ দেয়ার নিমিত্ত প্রশিক্ষণ খাতে প্রত্যেক উপজেলায় প্রশিক্ষণের প্রাপ্ত বরাদ্দ নিয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে নিম্নের সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।<br>**সিদ্ধান্ত:**<br>০১. নমুনা মৎস্যগ্রামের মৎস্যচাষিদের প্রশিক্ষন নভেম্বর-২০২৩ খ্রি. তারিখের মধ্যে সকল উপজেলায় সম্পন্ন করতে হবে।<br>০২. প্রশিক্ষণ শুরুর কমপক্ষে ০৭দিন পূর্বে প্রশিক্ষণ সিডিউল প্রেরণ করতে হবে। | সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য অফিসার, সকল, সুনামগঞ্জ জেলা। |
| ০৩. | **রেজিস্টার হালনাগাদকরণ:** স্থায়ী এবং অস্থায়ী মজুদ রেজিস্টার সম্পর্কে আলোচনা করা হয়।<br>**সিদ্ধান্ত:** যে সকল দপ্তরের এখন পরযন্ত আলোচিত রেজিস্টার হালনাগাদ হয় নি, সেসকল দপ্তরকে আগামী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে রেজিস্টার হালনাগাদ করতে হবে। | সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য অফিসার, হ্যাচারি অফিসার, সকল, সুনামগঞ্জ জেলা। |
| ০৪. | **ওয়েব পোর্টাল:** প্রত্যেক দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়।<br>**সিদ্ধান্ত:** যে সকল দপ্তরের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদ হয় নি সে সকল দপ্তরের ওয়েব পোর্টাল ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ওয়েব পোর্টাল হালনাগাদ করতে হবে। | সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য অফিসার, হ্যাচারি অফিসার, সকল, সুনামগঞ্জ জেলা। |
| ০৫. | **ইনোভেশনঃ**<br>ইনোভেশন আইডিয়া সৃষ্টির জন্য চেষ্টা অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়। স্ব স্ব উপজেলায় ইনোভেশন আইডিয়াসমূহ বাস্তবায়নের জন্য সকলকে সচেষ্ট থাকার বিষয়ে আলোচনা হয়। | সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য অফিসার, সকল, সুনামগঞ্জ জেলা। |

চলমান পাতা #০২

**সিদ্ধান্ত:**

১) উদ্ভাবনী আইডিয়া বাস্তবায়নে তৎপর হওয়ার জন্য অনুরোধ করা হলো।

২) ইনোভেশন কমিটির সভা নিয়মিতভাবে করা এবং স্ব স্ব উপজেলায় ইনোভেশন আইডিয়াসমূহ বাস্তবায়নে সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৬. **মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন , ১৯৫০ বাস্তবায়ন ও মোবাইল কোর্ট পরিচালনা:**

সেপ্টেম্বর-২০২৩ খ্রি. মাসে মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন বাস্তবায়নের উপজেলা ওয়ারী সম্পাদিত কার্যক্রমের বিবরণ নিম্নরূপ:

| ক্রঃ নং | উপজেলার নাম | প্রতিবেদন মাসে অভিযান/ মোবাইল | ক্রমপুঞ্জিত অভিযান/ মোবাইল কোর্টের | প্রতিবেদন মাসে আটককৃত জাল (লক্ষ | ক্রমপুঞ্জিত আটককৃত জাল (লক্ষ মিটার) | প্রতিবেদন মাসে জরিমানা (লক্ষ | ক্রমপুঞ্জিত জরিমানা (লক্ষ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ১ | সদর | ০৬ | ১৫ | ০.০২৪ | ০.০২৪ | ০ | ০.০১ | |
| ২ | দিরাই | ০৬ | ১৩ | ০.৫ | ০.৫৬ | ০ | ০ | |
| ৩ | ছাতক | ০২ | ০৩ | ০ | ০ | ০ | ০ | |
| ৪ | ধর্মপাশা | ০৫ | ০৬ | ০ | ০ | ০ | ০ | |
| ৫ | দোয়ারাবাজার | ০২ | ১০ | ০ | ১.৮৩২ | ০ | ০ | |
| ৬ | তাহিরপুর | ০২ | ০৮ | ০ | ০.০০১৫ | ০ | ০ | |
| ৭ | বিশ্বম্ভরপুর | ০১ | ০৮ | ০ | ০ | ০ | ০ | |
| ৮ | জগন্নাথপুর | ০৩ | ০৯ | ০.৮ | ১.০৪৫ | ০ | ০ | |
| ৯ | জামালগঞ্জ | ০ | ০২ | ০ | ০ | ০ | ০ | |
| ১০ | শাল্লা | ০ | ০৩ | ০ | ০.৪২ | ০ | ০.৩৬ | |
| ১১ | শান্তিগঞ্জ | ০২ | ১২ | ৩.৩৩ | ৩.৩৭ | ০ | ০ | |
| মোট | | **২৯** | **৮৯** | **৪.৬৫৪** | **৭.২৫২৫** | **০** | **০.৩৭** | |

**সিদ্ধান্ত:**

১) প্রতি মাসে প্রতি উপজেলায় কমপক্ষে-০২ টি করে মোবাইল কোর্ট/অভিযান করতে হবে। আসন্ন প্রজনন মৌসুমে যাতে করে কোন এলাকায় ইলিশ ধরা, বিপনন না করে সে সম্পর্কে সকলকে সচেতন করতে হবে এবং প্রত্যেক মৎস্য বাজারে অভিযান, পরিদর্শণ নিয়মিতভাবে চলমান রাখতে হবে।

সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য অফিসার, সকল, সুনামগঞ্জ জেলা।

০৭. **মৎস্যখাদ্য নমুনা পরীক্ষা:** বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় মৎস্য খাদ্য নমুনা পরীক্ষার নিমিত্তে সংশ্লিষ্ট সকল সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য অফিসারগণকে ২০ অক্টোবর, ২০২৩ খ্রি. তারিখের মধ্যে খাদ্য নমুনা অত্র দপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য অফিসার, সকল, সুনামগঞ্জ জেলা।

০৮. **মৎস্য হ্যাচারি আইন ও বিধিমালা বাস্তবায়নঃ**

সেপ্টেম্বর, ২০২৩ খ্রি. মাস পর্যন্ত উপজেলাওয়ারী সম্পাদিত কার্যক্রমের বিবরণ নিম্নরুপ:

| উপজেলার নাম | বেসরকারি হ্যাচারির সংখ্যা | প্রতিবেদনাধীন মাসে নিবন্ধন প্রদান (সংখ্যা) | ক্রমপুঞ্জিত নিবন্ধন প্রদান (সংখ্যা) | প্রতিবেদনাধীন মাসে নবায়ন প্রদান (সংখ্যা) | ক্রমপুঞ্জিত নবায়ন প্রদান (সংখ্যা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| দোয়ারাবাজার | ০১ | ০ | ০ | ০ | ০ | |
| বিশ্বম্ভরপুর | ০২ | ০ | ০ | ০ | ০ | |
| মোট | **০৩** | **০** | **০** | **০** | **০** | |

**সিদ্ধান্ত:**

১) বেসরকারী হ্যাচারিসমূহের কার্যক্রম মৎস্য হ্যাচারি আইন-২০১০ এবং মৎস্য হ্যাচারি বিধিমালা-২০১১ অনুযায়ী চলছে

সংশ্লিষ্ট উপজেলা মৎস্য অফিসার, সকল, সুনামগঞ্জ জেলা।

চলমান পাতা #০৩

কিনা এ ব্যাপারে সার্বিক তদারকীর সিদ্ধান্ত গৃহীত হয়

২) যদি নতুন কোন হ্যাচারি স্থাপিত হয়, তবে তা দ্রুত নিবন্ধনের ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩) হ্যাচারি নিবন্ধনের সময় হওয়ার কমপক্ষে ১(এক) মাস পূর্বেই নিবন্ধন নবায়নের আবেদন করতে হবে।

৪) বন্ধ হয়ে যাওয়া হ্যাচারির তথ্যাদি সুস্পষ্টভাবে অত্র দপ্তরে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হয়।

০৯. **মৎস্য হ্যাচারি আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট/ অভিযান পরিচালনা সংক্রান্ত অক্টোবর, ২০১৯ মাসের প্রতিবেদন:**

| উপজেলা | লক্ষ্যমাত্রা (সংখ্যা) | | অভিযান(সংখ্যা) | | মোবাইল কোর্ট (সংখ্যা) | | নিয়মিত মামলা দায়ের (সংখ্যা) | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | অভিযান | মোবাইল কোর্ট | বর্তমান মাস | ক্রমপুঞ্জি | বর্তমান মাস | ক্রমপুঞ্জি | বর্তমান মাস | ক্রমপুঞ্জি |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| বিশ্বম্ভরপুর | ০১ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| দোয়ারাবাজার | ০১ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| মোট | ০২ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |

**সিদ্ধান্ত:**

১) লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট উপজেলা মৎস্য কর্মকর্তাকে মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনা করার এবং কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়ন ও মনিটরিং এর পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

দায়িত্ব: সংশ্লিষ্ট উপজেলা মৎস্য অফিসারগণ

১০. **মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন ও বিধিমালা বাস্তবায়নঃ**

সেপ্টেম্বর, ২০২৩ খ্রি. মাস পর্যন্ত উপজেলাওয়ারী সম্পাদিত কার্যক্রমের বিবরণ নিম্নরূপ:

| ক্রঃ নং | উপজেলার নাম | মৎস্যখাদ্য উৎপাদন/ আমদানি/ বিক্রয় প্রতিষ্ঠান (টি) | | | প্রতিবেদনাধীন মাসে লাইসেন্স প্রদান (সংখ্যা) | | | ক্রমপুঞ্জিত লাইসেন্স প্রদান (সংখ্যা) | | | প্রতিবেদনাধীন মাসে নবায়ন প্রদান (সংখ্যা) | | | ক্রমপুঞ্জিত নবায়ন প্রদান (সংখ্যা) | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ক্যাটাগরি(ক) | ক্যাটাগরি(খ) | মোট | ক্যাটাগরি(ক) | ক্যাটাগরি(খ) | মোট | ক্যাটাগরি(ক) | ক্যাটাগরি(খ) | মোট | ক্যাটাগরি(ক) | ক্যাটাগরি(খ) | মোট | ক্যাটাগরি(ক) | ক্যাটাগরি(খ) | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১ | ১৭ | ১৮ |
| ১ | সদর | ৪ | ০ | ৪ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | |
| ২ | দিরাই | ৬ | ০ | ৬ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | |
| ৩ | ছাতক | ৬ | ০ | ৬ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | |
| ৪ | দোয়ারাবাজার | ০ | ৪ | ৪ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | |
| ৫ | তাহিরপুর | ২ | ০ | ২ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | |
| ৬ | বিশ্বম্ভরপুর | ০ | ২ | ২ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | |
| ৭ | জগন্নাথপুর | ০ | ৬ | ৬ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | |
| ৮ | শান্তিগঞ্জ | ১ | ৩ | ৪ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | |
| | মোট | ১৯ | ১৫ | ৩৪ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | |

**সিদ্ধান্ত:**

১) মৎস্য খাদ্য ও পশুখাদ্য আইনের আওতায় মৎস্যখাদ্য খুচরা/পাইকারী দোকানের নিবন্ধন নবায়নের জন্য কমপক্ষে ০১ (এক) মাস আগেই আবেদন করতে হবে।

২) নিবন্ধনের জন্য অবশ্যই হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে।

৩) মৎস্যখাদ্যের গুণগতমান নিশ্চিত করতে লক্ষ্যমাত্রা অনুযায়ী অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

দায়িত্ব: সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য অফিসার, সকল, সুনামগঞ্জ জেলা।

১১. মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ বাস্তবায়নে মোবাইল কোর্ট/ অভিযান পরিচালনা সংক্রান্ত সেপ্টেম্বর/২০২৩ খ্রি. মাসের — সংশ্লিষ্ট সিনিয়র

| উপজেলার নাম | লক্ষ্যমাত্রা(সংখ্যা) | | অভিযান(সংখ্যা) | | মোবাইল কোর্ট | | নিয়মিত মামলা দায়েরের সংখ্যা | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | অভিযান | মোবাইল কোর্ট | বর্তমান মাস | ক্রমপুঞ্জিত | বর্তমান মাস | ক্রমপুঞ্জিত | বর্তমান মাস | ক্রমপুঞ্জিত | |
| সদর | ০১ | ০১ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | |
| দিরাই | ০২ | ০১ | ০ | ০২ | ০ | ০ | ০ | ০ | |
| ছাতক | ০১ | ০ | ০ | ০১ | ০ | ০ | ০ | ০ | |
| জগন্নাপুর | ০১ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | |
| বিশ্বম্ভরপুর | ০১ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | |
| তাহিরপুর | ০১ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | |
| দোয়ারাবাজার | ০১ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | |
| শান্তিগঞ্জ | ০১ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | |
| **মোট=** | **১০** | **০২** | **০** | **০৩** | **০** | **০** | **০** | **০** | |

**সিদ্ধান্ত:**

২) সংশ্লিষ্ট উপজেলা মৎস্য কর্মকর্তাগণ প্রতি মাসে মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইনে অন্তত ০১টি মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করার এবং কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়ন ও মনিটরিং এর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

দায়িত্ব: উপজেলা মৎস্য অফিসার, সকল, সুনামগঞ্জ জেলা।

১২. **কার্প হ্যাচারি কমপ্লেক্স, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ:**

শান্তিগঞ্জ হ্যাচারি অফিসার জানান যে, হ্যাচারির কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।

**সিদ্ধান্ত:**

১ ) চাষি পর্যায়ে রেণু ও চার পোনা সরবরাহের ক্ষেত্রে রেণু ও পোনার গুণগতমানের বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব সহকারে করার বিষয়েও সিদ্ধান্ত গৃহীত হয়।

দায়িত্ব: হ্যাচারি অফিসার কার্প হ্যাচারি কমপ্লেক্স, শান্তিগঞ্জ।

১৩. **শুদ্ধাচার ও নৈতিকতাঃ**

অফিস সময় অনুসরণ ও নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয়। উপজেলা মৎস্য দপ্তরসমূহে নিয়মিত শুদ্ধাচার বিষয়ক সভা করার এবং শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়েও বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত:**

১) অত্র দপ্তরসহ সকল কার্যালয়ে (উপজেলা/খামার) কর্মকর্তা/কর্মচারীগণের উপস্থিতি নিশ্চিত করতে সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ সচেষ্ট হবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয় এবং নিয়মিত শুদ্ধাচার বিষয়ক সভা করার ও পরিকল্পনা অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের সিদ্ধান্ত গৃহীত হয়।

দায়িত্ব: জেলা মৎস্য কর্মকর্তা/সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ/ হ্যাচারি অফিসার

১৪. **সম্প্রসারণ কার্যক্রমঃ**

সম্প্রসারণ কার্যক্রমের লক্ষ্যমাত্রা অনুযায়ী সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য আলোচনা হয় এবং প্রতি মাসের অর্জনের সাথে ক্রমপুঞ্জিত মিল রেখে প্রতিবেদন প্রেরণ করতে হবে।

**সিদ্ধান্ত:**

১) সম্প্রসারণ কার্যক্রমের লক্ষ্যমাত্রা অনুযায়ী সময়ের মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত হয় এবং প্রতি মাসের অর্জনের সাথে ক্রমপুঞ্জিত মিল রেখে প্রতিবেদন প্রেরণ সিদ্ধান্ত গৃহীত হয়।

দায়িত্ব: সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য অফিসারগণ

১৫. **ক্ষুদ্র ঋণঃ**

যে সকল উপজেলায় ঋণ আদায় কম তাদের ঋণ আদায়ে তাগিদ দেয়ার বিষয়ে আলোচনা করা হয়। অনাদায়গুলো আগামী ১ মাসের মধ্যে আদায় করার বিষয়ে আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত:**

১) যেসকল উপজেলার ঋণ আদায় কম তাদের ঋণ আদায়ে তাগিদ দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।
২) আগামী মাসিক সভায় ভাল ফলাফল দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

দায়িত্ব: সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য অফিসারগণ

১৬. **প্রতিবেদন ফরমেট:**

**সিদ্ধান্ত:**

১) মাসিক ও অন্যান্য সকল প্রতিবেদন যথাযথ সর্বশেষ ফরমেট অনুযায়ী প্রেরণ করার জন্য সকলকে অবগত করা হয়।

দায়িত্ব: সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য অফিসারগণ/ হ্যাচারি

চলমান পাতা #০৫

| | | |
|---|---|---|
| | | হ্যাচারি অফিসার |
| ১৭. | **মৎস্য অভয়াশ্রম স্থাপন ও সংরক্ষণঃ**<br>মৎস্য অভয়াশ্রম স্থাপন ও সংরক্ষণ এর বিষয়ে আলোচনা করা হয় । ২০২৩-২৪ অর্থ বছরে মৎস্য অভয়াশ্রম রক্ষণাবেক্ষণ ও স্থাপনের সিদ্ধান্তের প্রেক্ষিতে ইতিমধ্যে সরবরাহকৃত ফরমেট অনুযায়ী প্রস্তাব প্রেরণ কারা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা পর্যালোচনা শেষে নিম্নে সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।<br>**সিদ্ধান্ত:**<br>১) ২০২৩-২৪ অর্থ বছরে মৎস্য অভয়াশ্রম সংস্কার-রক্ষণাবেক্ষণ/স্থাপন খাতে অর্থ বরাদ্দ প্রাপ্তির সাথে সাথেই কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য অফিসার কর্তৃক বিদ্যমান মৎস্য অভয়াশ্রমসমূহের ঘন ঘন পরিদর্শন পূর্বক মৎস্য অভয়াশ্রম ব্যবস্থাপনায় জড়িত মৎস্যজীবীদেরকে পরামর্শ প্রদান করা যেন মৎস্য অভয়াশ্রমে কেউ মাছ ধরতে না পারে। | সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য অফিসারগণ |
| ১৮. | **জেলে নিবন্ধন এবং প্রত্যয়ণ :** সকল উপজেলার অফিসারগণকে প্রত্যেকের জেলে নিবন্ধন ডাটাবেইজ হালনাগাদ এবং জেলে প্রত্যয়ণের বিষয়ে আলোচনা করা হয়।<br>**সিদ্ধান্ত:**<br>এখন পর্যন্ত কোন উপজেলার জেলে নিবন্ধন ডাটাবেইজ হালনাগাদ না থাকলে তা হালনাগাদ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। কোন ব্যক্তিকে মৎস্যজীবী হিসেবে প্রত্যয়ণ দেবার আগে অব্যশ্যই তিনি প্রকৃতপক্ষ্যে মৎস্যজীবী কিনা অথবা তিনি নিবন্ধিত জেলে কিনা তা যাচাই করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য অফিসারগণ |
| ১৯. | **বিবিধঃ**<br>১) প্রতি মাসের ব্যয়ের প্রতিবেদন সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসারর প্রত্যায়নসহ প্রেরণ বিষয়ে আলোচনা করা হয়।<br>২) এপিএ- এর মাসিক প্রতিবেদন ২৫ তারিখের মধ্যে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয় ।<br>৩) মাসিক প্রতিবেদন প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।<br>৪) স্ব স্ব উপজেলায় ওয়েব মেইল এবং ই-মেইল ব্যবহার করে চিঠিপত্র আদান প্রদান করার বিষয়ে আলোচনা হয়।<br>৫) উপজেলার অফিসারগণ কর্পোরেট সিম ব্যবহারের বিষয়ে আলোচনা হয়।<br>৬) স্ব স্ব উপজেলার ওয়েব পোর্টাল কার্যকরী করার বিষয়ে আলোচনা হয়।<br>৭) প্রত্যেক উপজেলা এক নজরে তথ্য ফাইল এবং ২য় ত্রৈমাসিকের সিটিজেন চার্টার হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়।<br>**সিদ্ধান্ত:**<br>১) এপিএ- এর মাসিক প্রতিবেদন ২৫ তারিখের মধ্যে প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>২) স্ব স্ব উপজেলায় ওয়েব মেইল এবং ই-মেইল ব্যবহার করে চিঠিপত্র আদান প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩) জেলা, উপজেলা (হ্যাচারিসহ) দপ্তরের প্রধানকে কর্পোরেট সিম সর্বদা ব্যবহারের বিষয়টি সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪) স্ব স্ব উপজেলার ওয়েব পোর্টাল সচল রাখার জন্য তথ্য আপডেট করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৫) প্রত্যেক উপজেলা এক নজরে তথ্য ফাইল এবং সিটিজেন চার্টার হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য অফিসারগণ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/১০/২০২৩

মোঃ শামশুল করিম
জেলা মৎস্য অফিসার
সুনামগঞ্জ।
ফোন: ০২-৯৯৬৬০০১২১
ইমেইল: dfosunamganj@fisheries.gov.bd

নং: ৩৩.০২.৯০০০.৪০০.৪৯.০০১.১৯.২০৪(১৪)

তারিখ: ২৪আশ্বিন ১৪৩০
০৯ অক্টোবর ২০২৩

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

২. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট।

৩. সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, সুনামগঞ্জ সদর//দিরাই/ছাতক/ধর্মপাশা, সুনামগঞ্জ।

৪. উপজেলা মৎস্য অফিসার, জগন্নাথপুর/তাহিরপুর/বিশ্বম্ভরপুর/দোয়ারাবাজার/শাল্লা/শান্তিগঞ্জ/জামালগঞ্জ, সুনামগঞ্জ।

৫. হ্যাচারি অফিসার, কার্প হ্যাচারি কমপেক্স, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

৬. সংশ্লিষ্ট নথি।

০৯/১০/২০২৩

জেলা মৎস্য অফিসার
সুনামগঞ্জ।

পরিশিষ্ট-'ক'

০৯/১০/২০২৩ খ্রি. তারিখে মাসিক সমন্বয় সভায় উপস্থিত সদস্যদের তালিকা

| ক্রঃনং | নাম ও পদবী | পদবী ও কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব শরীফুল আলম | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার দিরাই, সুনামগঞ্জ। | স্বাক্ষরিত |
| ০২ | জনাব মোঃ সালমুন হাসান বিপ্লব | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার ছাতক, সুনামগঞ্জ। | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব প্রশান্ত দে | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার (নি. বে.) সদর, সুনামগঞ্জ। | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মোঃ আখতারুজ্জামান | উপজেলা মৎস্য অফিসার জগন্নাথপুর, সুনামগঞ্জ। | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মোঃ ইউসুফ আলী | উপজেলা মৎস্য অফিসার তাহিরপুর, সুনামগঞ্জ। | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব কৌশিক সরকার | উপজেলা মৎস্য অফিসার বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ। | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব তুষার কান্তি বর্মণ | উপজেলা মৎস্য অফিসার (চ.দা.), দোয়ারাবাজার, সুনামগঞ্জ | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মাসুদ জামান খান | উপজেলা মৎস্য অফিসার (চ.দা.), শাল্লা, সুনামগঞ্জ | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব মোঃ কামরুল হাসান | উপজেলা মৎস্য অফিসার (অ.দা.), জামালগঞ্জ, সুনামগঞ্জ | স্বাক্ষরিত |
| ১০ | জনাব মোঃ মনিরুজ্জামান | হ্যাচারি অফিসার, কার্প হ্যাচারি কমপ্লেক্স, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ | স্বাক্ষরিত |
| ১১ | জনাব নিপেশ চন্দ্র পাল | ফিল্ড ফেসিলেটর (প্রকল্প) উপজেলা মৎস্য অফিসারের দপ্তর শান্তিগঞ্জ, সুনামগঞ্জ। | স্বাক্ষরিত |

০৯/১০/২০২৩

মোঃ শামশুল করিম
জেলা মৎস্য অফিসার
সুনামগঞ্জ।
ফোন: ০২-৯৯৬৬০০১২১
ইমেইল: dfosunamganj@fisheries.gov.bd